২৭৬৮৭

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/কক্সবাজার-৬৪/ ৬৪২৭ তারিখঃ ২৫.০৮.২০১৯খ্রিঃ

**বিষয়ঃ- অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কক্সবাজার জেলার সদর উপজেলাধীন মুনিরিয়া বাহারুল উলুম দাখিল মাদ্রাসার বোর্ড কর্তৃক অনুমোদিত নির্বাহী কমিটির সভাপতি জনাব আব্দুল আউয়াল সিকদার ও দাতা সদস্য জনাব মো: জাহাঙ্গীর কাসেমের বিরুদ্ধে জনৈক এডভোকেট ছলিম উদ্দিন মাননীয় উপমন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়ের সুপারিশসহ (সভাপতি ও দাতাকে অনুমোদিত নির্বাহী কমিটি হতে অপসারণ বিষয়ক) একটি অভিযোগ দাখিল করেছেন। অভিযোগ পর্যালোচনায় দেখা যায় অনুমোদিত নির্বাহী কমিটির সভাপতি আব্দুল আউয়াল মানবতা বিরোধী অপরাধের দায়ে আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুনালে তদন্তাধীন সি. আর নং ১০৫৩/২০১৬ মামলার আসামী ও দাতা সদস্য জনাব জাহাঙ্গীর কাশেম বৃহত্তর চট্টগ্রামের প্রাক্তন শিবির ক্যাডার, জামায়াত শিবিরের অস্ত্র ও অর্থের যোগানদাতা এবং নাশকতা মামলার আসামী মর্মে অভিযোগে উল্লেখ করেছেন। একইসাথে মাদ্রাসার সুপার মাওলানা নুরুল আবছার এর নিয়োগ সংক্রান্ত বিষয়ে মামলা নং ২৯৩/২০১৮ চলমান আছে মর্মে অভিযোগে আরও উল্লেখ করেছেন। (কপি সংযুক্ত)

বর্ণিত অবস্থায় অভিযোগকারীর অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সার্বিক বিষয়ে মতামতসহ প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক......২২..... পাতা

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২৫.০৮.২০১৯

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপক:
জেলা প্রশাসক, কক্সবাজার।

নং-বামাশিবো/প্রশাসন/কক্সবাজার-৬৪/ তারিখঃ .০৮.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা শিক্ষা অফিসার, কক্সবাজার
২. উপজেলা নির্বাহী অফিসার সদর, কক্সবাজার।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সদর, কক্সবাজার।
৪. সুপার/সভাপতি, মুনিরিয়া বাহারুল উলুম দাখিল মাদ্রাসা সদর, কক্সবাজার।
৫. এডভোকেট ছলিম উদ্দিন (অভিযোগকারী) সদর, কক্সবাজার।
৬. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহোদয়ের অবগতির জন্য)
৭. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।

মোঃ ওমর ফারুক
উপ রেজিষ্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪

শিক্ষা মন্ত্রনালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।

বিষয়ঃ মানবতা বিরোধী অপরাধী আর্ন্তজাতিক অপরাধ ট্রাইব্যুনালে তদন্তাধীন, মাদ্রাসার অর্থ আত্মসাতের দুদক আইনে তদন্তাধীন মামলার আসামী ২২০ বছরের সাজাপ্রাপ্ত জঙ্গি জাবেদ ইকবাল ওরফে মোহাম্মদ ও ৮ বছরের সাজাপ্রাপ্ত জঙ্গি তারেক ইকবালের পিতা জামায়েত নেতা আব্দুল আওয়াল কে খুরুস্কুল মুনিরিয়া বাহারুল উলুম দাখিল মাদ্রাসার সদ্যগঠিত নির্বাহী কমিটির সভাপতির পদ হইতে এবং সাবেক জামায়েত শিবির ক্যাডার প্রভাবশালী জামায়েত নেতা অসংখ্য নাশকতা মামলার আসামী জাহাঙ্গীর কাশেম কে দাতা সদস্য পদ হইতে অপসারনের আবেদন।

মহাত্মন,

সবিনয় নিবেদন এই যে, আমি এডভোকেট ছলিম উদ্দিন বাংলাদেশ ছাত্রলীগ সদর উপজেলা শাখার প্রাক্তন সভাপতি, জেলা তাঁতীলীগের প্রাক্তন আহবায়ক, আওয়ামী স্বেচ্ছাসেবকলীগ কক্সবাজার পৌরশাখার সাবেক আহবায়ক ও মুনিরিয়া মাদ্রাসার ম্যানেজিং কমিটির সাবেক সভাপতি। কক্সবাজার সদর উপজেলার খুরুস্কুল মুনিরিয়া বাহারুল উলুম দাখিল মাদ্রাসার জন্য সদ্য নির্বাহী কমিটি গঠন করা হয়েছে। সভাপতি করা হয়েছে ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধে কক্সবাজার জেলার আল বদর কমান্ডার, (অধ্যাপক মুনতাসির মামুনের লেখা আল বদর ১৯৭১ বইয়ের পৃষ্ঠা নং- ৩৭ ও আবুল কালাম আজাদের লেখা রাজাকার নামা বইয়ের পৃষ্ঠা নং- ৬২) জাল সনদে চাকুরী ও মাদ্রাসার অর্থ আত্মসাতের দুদকের তদন্তাধীন মামলার আসামী, জে.এম.বি'র চট্টগ্রাম বিভাগীয় কমান্ডার ২২ মামলার মধ্যে ১৭ মামলায় ২২০ বছরের সাজাপ্রাপ্ত (৫টি মামলা বিচারাধীন) জঙ্গি জাবেদ ইকবাল ওরফে মোহাম্মদ ও ২০০৫ সালে ১৭ আগষ্ট সিরিজ বোমা হামলা মামলার ৮ বছরের সাজাপ্রাপ্ত তারেক ইকবালের পিতা জাতীয়তাবাদী উলামা দলের কক্সবাজার জেলার সাবেক সভাপতি মাওলানা আব্দুল আওয়াল কে। উক্ত মৌং আব্দুল আওয়াল মানবতা বিরোধী অপরাধের দায়ে আর্ন্তজাতিক অপরাধ ট্রাইব্যুনালের তদন্তাধীন সি.আর ১০৫৩/২০১৬ইং নং মামলা এবং উক্ত মাদ্রাসায় জাল সনদে চাকুরী ও মাদ্রাসার অর্থ আত্মসাৎ মামলার দুদক আইনের তদন্তাধীন ২৩/২০১৬ইং নং মামলার আসামী। নির্বাহী কমিটিতে যাহাকে দাতা সদস্য হিসাবে অনুমোদন করা হয়েছে তিনি হলেন বৃহত্তর চট্টগ্রামের প্রাক্তন শিবির ক্যাডার কক্সবাজারের জামায়েত শিবিরকে অস্ত্র ও অর্থের মূল যোগানদাতা, অসংখ্য নাশকতা মামলার আসামী প্রভাবশালী জামায়েত নেতা জাহাঙ্গির কাশেম। তাহার পিতা মাষ্টার আবুল কাশেম জামায়েত নেতা ছিলেন এবং তাহার পরিবার জামায়েত পরিবারের হিসাবে কক্সবাজারে সমধিক পরিচিত। উক্ত জাহাঙ্গির কাশেম মাদ্রাসার অর্থ আত্মসাৎকারী মৌং আব্দুল আওয়াল ও সুপার নুরুল আবছারের অন্যতম সহায়তাকারী। উক্ত মাদ্রাসার সুপার মাওলানা নুরুল আবছার, সুপার নিয়োগ সংক্রান্তে অপর ২৯৩/২০১৮ইং মামলা চলমান আছে। তিনিও মানবতা বিরোধী অপরাধ মামলায় আর্ন্তজাতিক অপরাধ ট্রাইব্যুনালে তদন্তাধীন মামলা ও মাদ্রাসার অর্থ আত্মসাতের দুদক আইনের তদন্তাধীন মামলার আসামী।

মুজিবুর রহমান
সাধারণ সম্পাদক
বাংলাদেশ আওয়ামী লীগ
কক্সবাজার জেলা শাখা

J. M. Moin Uddin
Advocate
Supreme Court of Bangladesh
& Judges' Court Cox's Bazar
Room # E-2 (3rd Floor), Ainjibi Bhaban
(এডঃ আ.জ.ম মঈন উদ্দিন)
সভাপতি
কক্সবাজার জেলা আইনজীবী সমিতি

খুরুস্কুল মুনিরিয়া বাহারুল উলুম দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির মেয়াদ ১৯ মার্চ ২০১৯ সালে শেষ হয়। উক্ত সময়ের মধ্যে নিয়মিত ম্যানেজিং কমিটির নির্বাচনের বাধ্যবাধকতা থাকিলেও তিনি বিশেষ স্বার্থে কৌশলের আশ্রয় নিয়ে নিজেকে রক্ষার জন্য তাহার সিন্ডিকেটের সদস্যদের নিয়ে মাদরাসা বোর্ডকে মিথ্যা তথ্যের মাধ্যমে বিভ্রান্ত করিয়া নির্বাহি কমিটির জন্য আবেদন করেন এবং তা হাসিল করেন। সভাপতি এবং দাতা সদস্যকে নির্বাহী কমিটি হইতে অপসারণ না করিলে সভাপতি ও সুপারের বিরুদ্ধে দায়েরী মামলার তদন্ত ভিন্ন খাতে প্রবাহিত হতে পারে।

অতএব বিনীত প্রার্থনা যে, মাদ্রাসার অর্থ আত্মসাৎকারী আল বদর কামান্ডার জঙ্গির পিতা জামায়েত নেতা মৌং আব্দুল আওয়ালকে নির্বাহি কমিটির সভাপতির পদ হইতে এবং জামায়েতের অর্থ ও অস্ত্রের যোগানদাতা নাশকতা মামলার আসামী জামায়েত নেতা জাহাঙ্গির কাশেম কে দাতা সদস্য পদ হইতে অপসারণে মাদ্রাসা বোর্ডকে আদেশ দানে বিহীত মর্জি হয়।

নিবেদক-
এলাকাবাসীর পক্ষে-

তারিখঃ

**(এডভোকেট ছলিম উদ্দিন)**
পিতা- মরহুম সিরাজুল হক
সাং- রাস্তার পাড়া, খুরুস্কুল,
সদর, কক্সবাজার।
হালসাং- ২১, বর্ধিত বারভবন,
জেলা আইনজীবী সমিতি, কক্সবাজার।
মোবাইল নংঃ ০১৯১১-৮৭৮৬৫৩

সংযুক্তিঃ
১। কমিটি অনুমোদন ছায়াকপি = ০১ ফর্দ,
২। দুদকের নোটিশ ছায়াকপি = ০১ ফর্দ,
৩। দৈনিক পত্রিকার কাটিং = ১৫ ফর্দ,
৪। বইয়ের কাটিং = ০৪ ফর্দ,
সর্বমোট= ২১ ফর্দ
(একুশ ফর্দ মাত্র)